

আইএসভিএ সুপারিশ প্রক্রিয়া (রেফারেল পাথওয়ে)

সুপারিশ সমূহ আমাদের ওয়েবসাইটের প্রফেশনাল পেইজের মাধ্যমে গ্রহন করা হয়।

ওয়েবসাইট:

www.theharbourcentre.co.uk

সুপারিশ সমূহ জমা দেয়ার পূর্বে অনুগ্রহ পূর্বক এটা নিশ্চিত করে নিন যে ঐ ব্যক্তির আইএসভিএ সহায়তা পাবার সকল যোগ্যতা রয়েছে কিনা, এবং ঐ ব্যক্তি রেফারেলের জন্য সম্মতি প্রদান করেছেন কি না।

আপনি যার জন্য সুপারিশ করবেন তার যদি সুরক্ষা বিষয়ক কোন কিছু থেকে থাকে তাহলে তার সুপারিশ প্রেরণের পূর্বে আপনি আপনার নিজের সুরক্ষা বিষয়ক নীতিমালা অনুসরণ করুন।

যখন সুপারিশটির প্রক্রিয়াকরন সম্পন্ন হবে, তখন আমরা ৭ দিনের মধ্যে যোগাযোগ করব।

দ্যা হারবার সেন্টার

যৌন নিপীড়ন সুপারিশ (রেফারেল) কেন্দ্র

যোগাযোগ:

দ্যা হারবার সেন্টার

যৌন নিপীড়ন পরামর্শ কেন্দ্র

অফিস এবং 24/7 হেল্পলাইন নাম্বার:

01603 276381

ওয়েবসাইট:

www.theharbourcentre.co.uk

ইমেইল:

contact@theharbourcentre.co.uk

দ্যা হারবার সেন্টারের অভ্যন্তরীণ প্রাঙ্গন সবার জন্য স
ম্পূর্ণভাবে অভিগম্য (এক্সেসএবল)

দ্যা হারবার সেন্টার

যৌন নিপীড়ন সুপারিশ (রেফারেল) কেন্দ্র

স্বতন্ত্র

যৌন সহিংসতা

পরামর্শক (আইএসভিএ)

নরফোকে

বসবাসরতদের

জন্য পরিসেবা

পেশাজীবীদের জন্য তথ্য

আইএসডিএ -র কাজগুলো কি কি?

আইএসডিএ নানাবিধ বিষয়ে পরামর্শ এবং সহায়তা প্রদান করে থাকে যেমন- হাউজিং, স্বাস্থ্য, বেনিফিট, শিক্ষা, সম্মতি ও স্বাস্থ্যকর সম্পর্ক এবং অর্থ বিষয়ক (ফাইন্যান্স)।

গ্রাহকদের সাথে তাদের বাসায় সাক্ষাত করা হয় কিংবা গ্রাহকদের পছন্দ অনুযায়ী স্থানে সাক্ষাত করা হয়। এসময় তাদের নিরাপত্তা বিধান ও সেবা প্রদানের লক্ষ্যে নিরীক্ষন প্রক্রিয়া সম্পন্ন করা হয়।

আমরা কিভাবে সাহায্য করতে পারি ?

- বিনামূল্যে/ফ্রি, গোপনীয় সেবা।
- সামান্য সামনি, ফোনে বা টেক্সট মেসেজের মাধ্যমে নিয়মিত যোগাযোগ।
- আপনার প্রয়োজন অনুযায়ী ব্যক্তি কেন্দ্রিক (ওয়ান টু ওয়ান) সহায়তা সমূহ।
- অন্যান্য বিশেষায়িত সংস্থাসমূহের কাছে সুপারিশ (রেফারেল) পাঠানো।
- পুলিশি তদন্ত কার্যক্রমে নানাভাবে সহায়তা প্রদান যেমন- পরামর্শ দেয়া, ঘটনার অগ্রগতি ও হালনাগাদ তথ্য জানানো এছাড়া প্রয়োজনে সেবাগ্রহীতার সাথে কোর্টে যাওয়া।
- ২৪ ঘন্টা ব্যাপী হেলপলাইন সুবিধা।
- যে সব সংস্থা হারবার সেন্টারের কার্যক্রম প্রচারে সহায়তা করছে তাদেরকে বিনামূল্যে প্রশিক্ষন প্রদান।

১৮ বছরের চেয়ে কম বয়সীদের জন্য যেসব বাড়তি সেবা প্রদান করা হয়

- পরিবারের যেসকল সদস্য সহিংস নন, তাদের তাদের সাথে কাজ করা।
- পরিবারকে নানাবিধ সহায়তা প্রদান।

আইএসডিএ-র সেবা পাওয়ার যোগ্যতাসমূহ/ শর্তাবলী

নরফোকে বসবাসরত যে কোন ব্যক্তি যিনি ধর্ষন বা ধর্ষন চেষ্টার শিকার হয়েছে অথবা মারাত্মক যৌন নিপীড়নের শিকার হয়েছেন যাতে অবশ্যই অনুপ্রবেশ সংযুক্ত থাকতে হবে। তারা এই সেবা পাওয়ার যোগ্য হবেন। ঘটনাটা কোথায় ও কখন ঘটেছে এটা কোন বিষয় নয়। এমনকি ভুক্তভোগী ঘটনাটি পুলিশের কাছে জানাতে অগ্রহী হতে পারেন বা না ও চাইতে পারেন।

সহিংস ঘটনাটি নিয়ে ক্লায়েন্টদের সাথে কথা বলা

সেবাগ্রহীতার যেসব অভিজ্ঞতার মুখোমুখি হয়েছেন সেসব ব্যাপারে আইএসডিএ কখনই তাদের সাথে পরবর্তীতে কথা বলে না। এর কারন হচ্ছে গোপন তথ্য প্রকাশ বিষয়ক নীতিমালা, প্রমাণাদী সংরক্ষন, তাছাড়া যদি ঘটনাটি কোর্ট পর্যন্ত গড়ায় তাহলে কোর্টে তাদেরকে সহায়তা করার সক্ষমতা থাকা।

যেসব ব্যাপারে আমরা সাহায্য করতে পারি না

- আইএসডিএ এর পক্ষ থেকে সেবাগ্রহীতাদের কোন প্রকার থেরাপিউটিকস সেবা অথবা কোন ধরনের থেরাপী প্রদান করা হয় না।
- আইএসডিএ তে মানসিক স্বাস্থ্য বিষয়ক কোন পেশাজীবী নেই তবে আমরা বিশেষায়িত সংস্থার সাথে ঘনিষ্ঠভাবে কাজ করি যাতে করে সেবাগ্রহীতার উপযুক্ত সেবা পান।

পুলিশের কাছে রিপোর্ট করা

হারবার সেন্টারের পক্ষ থেকে আমরা মনে করি যে, কোন ঘটনা পুলিশ কে জানানো হবে কি-না তা সম্পূর্ণরূপে একজন ব্যক্তির নিজস্ব সিদ্ধান্তের উপর নির্ভর করে।

আমাদের কাজ হচ্ছে সম্ভাব্য সকল উপায়/পছা নিয়ে ক্লায়েন্টের সাথে কথা বলা এবং তারা যে পথে অগ্রসর হতে চায়, তাদের পছন্দ অনুযায়ী সে ব্যাপারে সহায়তা প্রদান করা। এটা একজন ব্যক্তির জন্য খুবই গুরুত্বপূর্ণ যে তারা যখন সিদ্ধান্ত নিবেন কোন পথে এগুবেন সে পথ সম্পর্কে তারা নিজে আস্থাবান ও এতে তাদের পূর্ণ নিয়ন্ত্রন রয়েছে।

তারা যদি পুলিশকে জানানোর ব্যাপারে সিদ্ধান্ত নিয়ে থাকেন তাহলে আইএসডিএ তদন্ত চলাকালীন সময়ে তাদেরকে পরামর্শ ও সহায়তা প্রদান করবে।

গোপনীয়তা

আমরা একটি স্বতন্ত্র সেবাদানকারী সংস্থা, আমাদের সেবাসমূহ গোপনীয় এবং ফ্রি।

ক্লায়েন্টদের দেখভাল করা আমাদের দায়িত্ব, তাদের সুরক্ষার স্বার্থে কোন কিছু দৃষ্টিগোচর হলে তা আমরা সংশ্লিষ্ট সংস্থাকে জানাব।

আমাদের ক্লায়েন্টদের স্বার্থে, তাদের জন্য সর্বোত্তম সেবা নিশ্চিত করতে, আমরা নানাবিধ সেবা ও সংস্থার সাথে কাজ করে থাকি। তবে অন্য কোন সংস্থার সাথে আমাদের ক্লায়েন্টের ব্যক্তিগত তথ্য শেয়ার করার পূর্বে অবশ্যই উক্ত ক্লায়েন্টের কাছ থেকে অনুমতি নেয়া হয়।